



১৪ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রশ্ন ২০১৭



হুমায়রা সিদ্দিকা হুমাসা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- সহকারী শিক্ষক বাংলা

বিষয় কোড-৩০১

সময়-৩০মিনিট

[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান-১০০

১. ক. 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধে অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ভাষাচিন্তার বৈশিষ্ট্য আলোচনা করুন। ১৫

অথবা,

খ. 'কালচার মানে উন্নততর জীবন সম্বন্ধে চেতনা-সৌন্দর্য, আনন্দ ও প্রেম সম্বন্ধে অবহিতি।'—'সংস্কৃতি কথা' প্রবন্ধে অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করুন।

২. ক. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুইমাচা' গল্পে তৎকালীন সমাজের যে চিত্র ফুটে উঠেছে, তা বিশ্লেষণ করুন। ১৫

অথবা,

খ. 'নয়নচারা' গল্পে বিধৃত জীবনযন্ত্রণার পরিচয় দিন।

৩. ক. রবীন্দ্রনাথ ঠাকুরের 'একতান' কবিতার মূল সুর আলোচনা করুন। ১৫

অথবা,

খ. 'চৈতী হাওয়া' কবিতায় প্রকৃতিচেতনার যে পরিচয় পাওয়া যায়, তা বিশ্লেষণ করুন।

৪. প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যাখ্যা লিখুন :

ক. মানুষের মধ্যে যা কিছু শ্রেষ্ঠ তা সংকীর্ণভাবে কোনো জাতির মধ্যে বদ্ধ হতে পারে না, তা কৃপণের অপরূপ ভাগ্যের সম্পদ নয়। ৫

অথবা,

খ. নির্বোধ মানুষের অহংকারের অন্ত নাই, সে যাহার সৃষ্টি, তাহাকেই সে বন্দী করতে চায়, শাস্তি দিতে চায়।

গ. আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা। ৫

অথবা,

ঘ. ওগুলো কলা নয়তো, যেন হলুদ-রঙা স্বপ্ন বুলছে।

ঙ. বনের ঘুঘুরা উহ্ উহ্ করি কেঁদে মরে রাতদিন,
পাতায় পাতায় কেঁপে উঠে যেন তারি বেদনার বীণ।
অথবা,

চ. একটি বধূর

সংসার উজার করা হাহাকার থামতে না থামতেই, হায়,
আরেক বধূর বুক খাঁ-খাঁ গোরস্থান হয়ে যায়।

খ বিভাগ : ভাষা শিক্ষা

সাধু ভাষা থেকে চলিত ভাষায় রূপান্তর করুন : ৫

সেদিন সমস্ত দিন ব্রাহিরে ঝড় বৃষ্টি এবং ঘরের মধ্যে অনুরূপ দুর্যোগ চলিতে
লাগিল। তাহার পরদিন গভীর রাত্রে অপূর্ব মৃগয়ীকে ধীরে ধীরে জাগ্রত
করিয়া কহিল, 'মৃগয়ী, তোমার বাবার কাছে যাবে?'

বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লিখুন। ৫

ক. কোনো শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের শূন্য পদে নিযুক্তি লাভের জন্য একটি
আবেদন পত্র লিখুন। ৫

অথবা,

খ. সড়ক দুর্ঘটনা রোধের উপায় জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি
পত্র লিখুন।

ক. কোনো শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকের শূন্য পদে নিযুক্তি লাভের জন্য একটি
আবেদন পত্র লিখুন। ৫

অথবা,

খ. সড়ক দুর্ঘটনা রোধের উপায় জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি
পত্র লিখুন।

বাংলায় অনুবাদ করুন : ৫

Time is an unvaluable wealth. Many people do not know
the value of time. They do not know that time is life. So, we
should not waste time even for a while. Lost time never
comes back. The student who does not know the value of
time he cannot be successful. Time and tide wait for none.

যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন : ২০

ক. স্বপ্নের পদ্মা সেতু;

খ. দেশগঠনে যুব সমাজের ভূমিকা;

গ. বাংলাদেশের লোকজ উৎসব;

ঘ. পরিবেশ দূষণ ও প্রতিকার;

ঙ. আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।